REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১১ই মাঘ বুধবার ১৩৩৪ ইংরাজী 25th January 1928. | ৩৩শ সংখ্যা।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

মুরারি বটিকা।

সর্ববিধ নূতন পুরাতন প্লীহা ও যকৃৎ সংযুক্ত ম্যালেরিয়া জ্বরের অদ্বিতীয় মহৌষধ।

সিভিল সার্জ্জন, এসিষ্টাণ্ট সার্জ্জন ও অন্যান্য ডাক্তারগণ দ্বারা বিশেষ পরীক্ষিত, প্রশংসিত এবং চিকিৎসায় ব্যবহৃত হইতেছে। রোগের উৎপত্তি ও প্রতীকার সম্বন্ধে পরীক্ষার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতায় স্থাপিত স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন নামক সর্ব্বোচ্চ বিদ্যালয়ের হাসপাতালে রোগীকে মুরারি বটিকা, সেবন করানয় আশ্চর্য্য ফল দর্শিয়াছে এবং মুরারি বটিকা ম্যালেরিয়ার যে সর্ব্বোৎকৃষ্ট ঔষধ তাহা সপ্রমাণিত হইয়াছে। ২০ বটিকার শিশির মূল্য এক টাকা মাত্র।

বেঙ্গল প্রিজার্ভিং কোম্পানী

১০নং ভিহি ইটালী রোড, কলিকাতা।

হিলিংবাম

গত ৩৫ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲

" " মাঝারি শিশি ২৷০

" " ছোট শিশি ১৷০

স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষেও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো বাদ্রমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।

কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজ

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে

কর্পূরারিষ্ট ... ঘরে রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র

ডাক ব্যয় স্বতন্ত্র।

কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ।

১১ই মাঘ বুধবার ১৩৩৪ সাল।

বাঙ্গালা দেশ কাহাকে বলে?

মহা মনীষি মার্শম্যান সাহেব বলিয়াছেন —"ভারতবর্ষের যে অংশের লোক বাঙ্গালা বলে ও বাঙ্গালা লেখে, তাহার নাম বঙ্গ বা বাঙ্গালা দেশ।"

কিন্তু একথা এখন খাটে কৈ? বাঙ্গালা দেশের লোক এখন ইংরাজী বলে, হিন্দীতে কপ্‌চায়—তথাপি পারৎপক্ষে বাঙ্গালা বলে না। যদিও শিক্ষিতগণ দয়া করিয়া বাঙ্গালা বলিবার একটু চেষ্টা করেন, সে বাঙ্গালার সঙ্গে পনের আনা ইংরাজী মিশানো থাকে। আর বাঙ্গালা লেখার কথা ছাড়িয়া দাও, বাপকে চিঠি লিখিতে হইলে, উপযুক্ত ছেলে সম্বোধন খুঁজিয়া পান না, লেখেন—"মাই ডিয়ার ফাদার" মনের দুঃখে ভালো লোক বাংলা লেখেন না, শিক্ষিত লোক বাঙ্গালা পড়েন না; বলেন—"বাঙ্গালা আবার পড়িব কি?" তবে কেহ কেহ বাঙ্গালা লেখে বটে—সে নাটক, নভেল, কাব্য। শুনিয়াছি বাঙ্গালা লেখায় নাকি বিজ্ঞান চর্চ্চা আরম্ভ হইয়াছে, সম্প্রতি "দাম্পত্য বিজ্ঞান" "যৌবন বিজ্ঞান" প্রভৃতি জ্ঞানগর্ভ উপদেশপূর্ণ অপূর্ব্ব পুস্তক বাজারে বাহির হইয়াছে। ছোকরা ও ছুকরীর দল—পিনালকোড বাঁচাইয়া উহা মন দিয়া পড়িতেছে। ফলে—পথে পথে "মদনানন্দ মোদকের ফেরি চলিতেছে। খবরের কাগজে দেখিতে পাই তিনটী জিনিষের বিজ্ঞাপন। লাল[illegible]নাময়-হাবাতের লেখা পুস্তকাবলী, পেটেন্ট ঔষধ আর কে[illegible]কেল স্বর্ণের অলঙ্কার!

"[illegible]ঙ্গালা দেশে যাহারা বাস করে তাহাদিগকে বাঙ্গালী বলে।" হরি! হরি! এমন ডাহা [illegible] কথাও লিখিতে আছে? বাঙ্গালা [illegible]রাজী, পার্শী, মাড়োয়ারী, ভুটিয়া, [illegible], [illegible]পানী. চীনা, বেহারী, দিল্লীওয়ালা বোম্বাইওয়ালা, আস[illegible] ভুটানী, নেপালী, উড়িয়া পাঞ্জাবী, শিখ, গু[illegible], প্রভৃতি সকলেই বাস করে,—ইহাদিগকে [illegible] বাঙ্গালী বলা চলে? কখনই নয়।

অতএব এখন বলা যাইতে পারে—পেটের দায়—বড় দায়; অর্থাৎ এই যে সামা[illegible]কতা, নীতি, বিদ্যা, বিলাস, শাস্ত্র এমন কি ধ[illegible] মানুষের যা' কিছু সমস্তই পেটের দায়ে। এহেন পেটের দায়ে—সকল দেশের লোক, যে দেশে একত্রিত হয়—তাহার নাম বাঙ্গালা দেশ। আর সেই বাঙ্গালা দেশে বাস করিয়া যাহারা মক্ষিকা হইতে ক্ষুদ্র, মশক হইতে দুর্ব্বল, আরসুলা হইতে নির্ব্বোধ এবং কেন্ন হইতে ঘৃণ্য—তাহারাই প্রকৃত বাঙ্গালী।

অধিবাসিগণ।

বাঙ্গালা দেশে যে সকল মনুষ্য দেখিতে পাওয়া যায় তাহারা দুই জাতিতে বিভক্ত। যথা পুরুষ জাতি ও স্ত্রী জাতি। এই পুরুষ জাতি আবার তিন শ্রেণীতে বিভক্ত। ১ম উত্তম পুরুষ, ২য় মধ্যম পুরুষ, ৩য় অধম পুরুষ। ব্যাকরণ শাস্ত্রেও ৩ প্রকার পুরুষের উল্লেখ আছে। আবার দার্শনিক পণ্ডিতগণও তিন রকম পুরুষের অস্তিত্ব স্বীকার করেন।

যাঁহারা দণ্ড মুণ্ডের কর্ত্তা—হ্যাটকোট পরেন, চতুর্হস্ত পরিমিত দেহ, গৌরবর্ণ—তাঁহারা উত্তম পুরুষ। অসিত চর্ম্মধারীও যদি হ্যাটকোট পরেন, তাঁহার উপরের সাত পুরুষ নীচের সাত পুরুষের মধ্যে কেহ কস্মিন্ কালে সাগর না ডিঙ্গাইলেও—তিনি উত্তম পুরুষ মধ্যে গণ্য। দর্শনশাস্ত্র মতে ইহাদের নাম রাজপুরুষ বা সাকার পুরুষ।

যাঁহারা পত্নীতে নিতান্ত অনুরক্ত, পিতা মাতার প্রতি বিরক্ত, শ্যালক শ্যালিকার সাহায্য শাক্ত, পায়স পিষ্টক ছাড়িয়া চপ কাটলেটের ভক্ত, মুর্গী মটনে আসক্ত,--যাঁদের জ্বালায় দেশের লোক উত্যক্ত, তাঁহারাই মধ্যম পুরুষ।

আর যাহারা চাষবাস করে, দোকান পসার চালায়, গাল খায়, টেক্স দেয়, মরা ফেলে, বারয়ারীর পাণ্ডা হয়, শাক সুক্ত ভক্ষণ করে তাহারা অধম পুরুষ। তাহাদের দার্শনিক নাম কাপুরুষ। ইহারা একরকম নিরাকার।

স্ত্রী জাতি দুই শ্রেণীতে বিভক্ত। যাঁহারা ব্রত পূজা করেন, দেব দ্বিজে ভক্তি রাখেন, ভিক্ষুককে ভিক্ষা দেন, ভাত রাঁধেন সেই লজ্জা নিরতা আত্ম বিসর্জ্জিতা, পরার্থপ্রাণা ধর্ম্মৈক শরণা নারীগণ "প্রবীণা" অর্থাৎ "অসভ্যা"। আর যাঁহারা আত্মনিরতা, বিভ্রমতৎপরা, রঙ্গ পরায়ণা, বিলাসিনী, বডি গাউন পরেন, সাবান মাখেন, পাউডারে অঙ্গরাগ বাড়ান, নাকিস্বরে কথা কন তাঁহাদের নাম "নবীনা"। নবীনারা "সভ্যা", পুরুষ জাতি ইঁহাদের অধীন।

বা[illegible]ালা দেশের শাসন কর্ত্তা।

বাঙ্গাল[illegible] দেশ বাবুর দ্বারা শাসিত হয়। যথা আফি[illegible]স কেরাণী বাবু, ইস্কুলে মাষ্টার বাবু, আদা[illegible]তে ডেপুটী বাবু মুনসেফ বাবু, উকিল বাবু[illegible] পেসকার বাবু, পুলিশে দারোগা বাবু কনেষ্ট[illegible]ল বাবু, রেলে তার বাবু টিকিট বাবু ম[illegible]ল [illegible]বাবু, জমিদারীতে নায়েব বাবু, গোমস্তা [illegible] সরকার বাবু, সংসারে কর্ত্তা বাবু কাকা বাবু [illegible]মা বাবু খোকা বাবু দাদা বাবু দিদি বাবু ([illegible]বাবু শব্দ সাধু শব্দের উভয় লিঙ্গ) কর্ম্মক্ষেত্রে [illegible]ড়বাবু ছোটবাবু, পথে ঘাটে হাটে [illegible]াঠে অ[illegible]িতে গলিতে রামবাবু শ্যামবাবু যাদু[illegible]বাবু [illegible]াধুবাবু, তীর্থক্ষেত্রে মহান্তবাবু, আর কত [illegible] করিব? যেদিকে ফিরাই আঁখি বাবুময় [illegible]বই দেখি। বাঙ্গালা দেশে বাবু জন্মায়ও [illegible]বেশী।

বাঙ্গালা দেশে কি কি হয়?

পর্য্যাপ্ত পরিমাণে ধান্য হয়, দুর্ভিক্ষ হয়, ম্যালেরিয়া হয়, উচ্চ মূল্যে বর বিক্রয় হয়, কন্যাদায়ে ভিটা বেচিতে হয়, বুড়ার সঙ্গে বালিকার বিবাহ হয়, বালবিধবাকে একাদশী করিতে হয়। পুরুষের ডাইবিটিস হয়, স্ত্রী জাতির হিষ্টিরিয়া হয়। গলাবাজিতে দেশ উদ্ধার হয়, অভাগার জন্ম হয়, ভাগ্যবানের মরণ হয়।

মোটর চাপে কাঙ্গাল।

কোষ্ঠীর ফল! কোষ্ঠীর ফল! খণ্ডাবে কে? বড় লোকদের অদৃষ্টে যদি লেখা থাকে 'মোটর চাপা' তারা মোটরে চড়ে ফুর্ত্তি ক'রে। আর কাঙ্গালের কপালে যদি ঐ কথা দুটী 'মোটর চাপা' লেখা থাকে সে মোটর গাড়ীর তলায় পড়ে গোজন্মে খালাস পেয়ে ফুর্ত্তি করতে করতে চ'লে যায়। আজ কয়েক দিন হলো বোখারা যাবার পথে কোন ভাগ্যমানের মোটর গাড়ীতে এক হতভাগা কাঙ্গাল চাপা প'ড়ে জঠর যন্ত্রণার দায় হ'তে অব্যাহতি পেয়েছে। যখন সে মোটরওয়ালা তখন সে নিশ্চয়ই জ্যান্ত লোক। মরা মেরে খুনের দায়ী হওয়া বিধাতা পুরুষ বোধ হয় তার অদৃষ্টে লেখ্‌তে সাহস করেন নি। বেচারার মৃত দেহটী ডাক্তার কেটেছেন। তিনি তো পরীক্ষা ক'রে বল্‌তে পারবেন না যে কার মোটরে কাটা। প্রমাণ হলে ড্রাইভারকে নিয়ে টানাটানি হ'তো। হয়তো সাজাও বা হ'তো। কাঙ্গাল ম'রে বাঁচলো। ড্রাইভার মেরে বাঁচলো। [illegible]াইভারের কোষ্ঠীর ফলও খুব ভাল না বড় লোকের কপালের গুণে বেঁচে গেল?

সৎ সঙ্গমে গুণ উপজে
অসৎ সঙ্গমে যায়।
হাঁস ফাঁস সূত্তা পাত্তা
মিছরী ভাউ বিকায়।

তদন্তে কি হইল?

যখন তদন্ত সন্ধি বিচ্ছেদ করিলে হয়=তৎ+অন্ত। তৎ অর্থাৎ সেই বুড়ো (ক্লীব) অন্ত অর্থাৎ শেষ। বুড়োটীরই অন্ত হইল। অর্থাৎ সে আর বাঁচিল না।

নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

নীলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯২৮।

৪১১ খাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দিং দেং ইয়ারমহাম্মদ সেখ দিং দাবি ১৮৷৩ পং গনকর মৌজে দোলনিয়া ২৷৩৷ কাত ২৷৵৫ আঃ ১০৲

৬৪৮ খাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং শুভাসিনী দাসী দিং দাবি ১২৷/০ পং সুলতানউজিয়ান মৌজে হিলোড়া ৷৩৷ কাত ৷৶৮ আঃ ৫৲

৫২২ খাং ডিঃ যোগেন্দ্রচন্দ্র খাঁ দেং ফজলেরবি মণ্ডল দিং দাবি ৩৮৷/৫ পং সুলতানউজিয়ান মৌজে গাম্ভিরা ৭৷২৷ কাত ৬/১৬ আঃ ২৫৲

৫৪৪ খাং ডিঃ সেবাইত শ্রীপ্রভাতকুমার চৌধুরী দিং দেং গিরীশচন্দ্র রায় দাবি ৩০৵০ পং সমসথালী মৌজে গিরিয়া ৪/০ কাত ২৸৵০ আঃ ১০৲

৫৬৩ খাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং কোরিম সেখ দিং দাবি ৫০৷৵০ পং রুকুনপুর মৌজে ওসমানপুর ১১৷০ কাত ১২৸৶০ আঃ ২৫৲

৩৬০ মনি ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং পিয়ারমহম্মদ বিশ্বাস দাবি ১৬৩৷৶৯ মৌজে চাদনিদহা ৷২ কাত ১৫৲ আঃ ৬০৲

৫৬৮ মনি ডিঃ মাওলাবক্স বিশ্বাস দিং দেং ননীগোপাল সাহা দাবি ৫১৪৷৵৯ পঃ কাঁকজোল মৌজে পাইকস্তা ১১/২ কাত ১১৷৶১০ জমার অন্তর্গত ৫/০ বিঘা আঃ ৩০০৲

জঙ্গিপুর সংবাদের

ক্রোড় পত্র।

১১ই মাঘ বুধবার ১৩৩৪, ইংরাজী ২৫শে জানুয়ারী ১৯২৮।

তারকেশ্বরে মহান্ত ভীতি।

—•—

গত ১৯শে জানুয়ারী স্বামী সচ্চিদানন্দ তারকেশ্বর হইতে সংবাদ দিয়াছেন যে, তারকেশ্বরের মহান্ত প্রিভি কাউন্সিলে জয়লাভ করাতে, তারকেশ্বর ও তৎসন্নিহিত অনেকগুলি গ্রামের লোক অত্যন্ত ভীত হইয়াছে। যাত্রীদেরও ভয় হইয়াছে যে মহান্ত আবার গিয়া তারকেশ্বরে বসিলে কেহই এখনকার মত নির্ব্বিঘ্নে সপরিবারে তারকেশ্বরে গিয়া দেব পূজা করিতে সাহস করিবে না। গত সত্যগ্রহ আন্দোলনের সময় মহান্তের যে সমস্ত প্রজা ঐ আন্দোলনে মহান্তের বিরুদ্ধে যোগদান করিয়াছিল তাহাদের ভয়ই সর্ব্বাপেক্ষা অধিক হইয়াছে। তাহারা স্বামীজির নিকটে বলিয়াছে যে উচ্চপদস্থ রাজকর্ম্মচারীরা তাহাদের নিকটে এইরূপ প্রতিশ্রুতি দিয়াছিলেন যে মহান্তের ষ্টেটও রিসিভারের হাতে থাকিবে মহান্ত তাহাদের উপর কোন অত্যাচার করিতে পারিবেন না। ঐ প্রতিশ্রুতিতে বিশ্বাস করিয়া রিসিভারের হস্তে তাহারা মন্দিরের চাবি প্রদান করিয়াছিল। এখন তারকেশ্বরের সম্পত্তির অধিকাংশ যদি আবার মহান্তের হস্তগত হয় তাহা হইলে ঐ সকল প্রজা পুনরায় সত্যগ্রহ করিতে বাধ্য হইবে। মোটের উপর প্রিভি কাউন্সিলে মহান্তের জয়লাভ হওয়াতে তারকেশ্বর অঞ্চলে বিশেষ চাঞ্চল্য উপস্থিত হইয়াছে।

"হিতবাদী"

—

কলিকাতার বহুদর্শী ডাক্তার ও কবিরাজগণ কর্ত্তৃক বিশেষভাবে পরীক্ষিত ও প্রশংসিত।

নূতন জ্বর চব্বিশ ঘণ্টায় আরোগ্য।

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কস
ট্রেড মার্ক
চাঁদ মার্কা পাচন

পুরাতন জ্বর তিনদিনে আরোগ্য।

দেশী গাছগাছড়া ও ধাতুঘটিত উপকরণে প্রস্তুত বলিয়াই এদেশীয় রোগীর পক্ষে এত ফলদায়ক।

যথার্থই পাঁচন—জ্বরের ব্রহ্মাস্ত্র আবার সালসার কাজ করে।

জ্বর বন্ধের পরও কয়েক দিন সেবন করিলে জ্বরের কীটাণুগুলি একেবারে নষ্ট করিয়া ক্ষুধাবৃদ্ধি এবং শরীর সুস্থ ও সবল করে।

প্রতি শিশি ৷৹ আনা।]　　　　[প্রতি শিশি ৷৹ আনা।

ইহা সেবনে নূতন পুরাতন ম্যালেরিয়া, কুইনাইন আটকান, প্লীহা ও লিভারঘটিত, পালা, কম্প প্রভৃতি যে কোন প্রকারের জ্বর হউক না কেন, নির্দ্দোষভাবে আরোগ্য হয়। উপকার দেখিয়া বিস্মিত হইবেন।

চিঠি লিখিবার ঠিকানা—বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

বিপুল আয়োজন ! শীতবস্ত্র খরিদের অভাবনীয় সুযোগ।

মোকামের সহিত বিশেষ বন্দোবস্ত করিয়া এ বৎসরের দর আশাতীত সুলভ করিতে সমর্থ হইয়াছি। অন্য স্থানে খরিদ করিবার পূর্ব্বে আমাদের নিকট দর যাচাই করিয়া দেখুন দর কত সস্তা।

কৃষ্ণলাল মণিলাল এণ্ড কোং

২০৭-৩ হ্যারিসন রোড (বড়বাজার) কলিকাতা।

শাল, আলোয়ান, ধোসা, মলিদা, র‍্যাগ, কম্বল, সোয়েটার, ফ্লানেল, সার্জ্জ, বনাত প্রভৃতি সকল রকম গরম কাপড়। বিবাহের উপযোগী সকল রকম কাপড় জামা, বেনারসী পার্শী বোম্বাই সাড়ী, তসর, গরদ, চেলী, সার্ট, কোট, সেমিজ, সায়া, জ্যাকেট, ব্লাউজ ইত্যাদি তৈয়ারী পোষাকের বিপুল আয়োজন। পছন্দ না হইলে মূল্য ফেরত। মফস্বলের অর্ডার অতি যত্নের সহিত দেখিয়া ভিঃ পিতে সরবরাহ করিয়া থাকি।

গর্ভনিবারণ চুর্ণ।

—:—

রুগ্না বা দরিদ্র রমণীগণ ইহা ব্যবহার করিয়া যতকাল আবশ্যক তাঁহাদের গর্ভসঞ্চার বন্ধ রাখিতে পারেন। ইহাতে জরায়ু বা ডিম্বকোষ (ওভেরী) চির দিনের মত নষ্ট করে না। ঔষধ বন্ধ করিলেই আবার গর্ভগ্রহণ শক্তি জন্মে। ইহাতে স্ত্রীলোকের স্বাস্থ্য বিন্দুমাত্রও নষ্ট হয় না, বরং যৌবন শোভা দীর্ঘস্থায়ী হয়। ব্যবস্থা পত্রে সকল গোপনীয় কথা লেখা থাকে। টিকিট দিলে পত্রের উত্তর দেওয়া হয়। দরিদ্র দেশে অবাধে ব্যবহারের নিমিত্ত এবং গুণ প্রচারার্থ আপাততঃ দীর্ঘকালের উপযোগী এক কৌটার মূল্য ডাঃ মাঃ সহ ১৷০ এক টাকা চারি আনা।

ঠিকানা—

মেসার্স বি, দে, এণ্ড সন্স।

পোঃ বারদী, জিলা ঢাকা।

মাভৈঃ ! মাভৈঃ !!

কলেরা বিজয়।

ভীষণ কলেরার জন্য ভীত হইবেন না। নিম্ন ঠিকানা হইতে কলেরা বিজয় নামক ঔষধটী সংগ্রহ করিয়া রাখুন। নিকটে কলেরা দেখা দিলে বা পাতলা দাস্ত হইলে ব্যবস্থামত ব্যবহার করাইয়া সকলকে উক্ত ব্যাধির হস্ত হইতে মুক্তি প্রদান করুন। প্রারম্ভে সেবনে রোগ অঙ্কুরে বিনষ্ট হয়। শিশু ও গর্ভিণী নির্ভয়ে সেবন করিতে পারে। বহু পরীক্ষিত বলিয়া প্রতি গৃহে রাখিতে এবং সময়ে ব্যবহার করিতে অনুরোধ করি। অনুরোধ রক্ষা করিলে অর্থ নষ্ট ও শারীরিক কষ্ট হইতে অব্যাহতি পাইবেন। অলমতি বিস্তরেন। মূল্য মাত্র ৷৷০ আট আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ডাঃ শ্রীসীতানাথ দাস,

ই, এচ, পি, এণ্ড এচ, পি, পি।

সর্ব্বমঙ্গলা ঔষধালয়।

হামরুল, রাজগাঁ, বীরভূম।

ব্র্যাঞ্চ :—রাজগাঁ, বীরভূম

৬১৫ মনি ডিঃ তনসুকদাস শেঠি দিং দেং কেরামত সেখ দিং দাবি ৭৭৯৲ পং আসদনগর মৌজে ইচলিপাড়া ইস্তাহারের লিখিত সম্পত্তি নিলাম হইবে। আঃ ৪৮৲

৬৩৫ মনি ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং রহমানী সেখ দিং দাবি ১২২৩৮৶৩ পং রাজসাহী মৌজে উমরপুর ৩।২॥ কাত ৩॥/০ আঃ ৫০৲ ২নং লাট পরগণাদি ঐ ১০॥৩ কাত ১১৵০ তন্মধ্যে ২৮১ আঃ ৩০৲ ৩নং লাট পং রাজসাহী মৌজে বালিয়াঘাটি ৮০ কাঠা গর্ত্ত মায় পাহাড় আঃ ২৫৲

৬৬৬ মনি ডিঃ কুমেদ কামিনী দাসী দেং নবচন্দ্র মাঝি নাবালক পক্ষে কোর্ট গার্জ্জেন বাবু অনুকূলচন্দ্র চট্টোপাধ্যায় দাবি ৫৫৮/০ পং মঙ্গলপুর মৌজে ভাবকী ॥০ কাত ৮৵১৪ তদুপরিস্থিত ১ থোপ বাঁশ আম বৃক্ষ ২ পেড় খর গর্ত্ত ও তদুপরিস্থিত ঘর ৩ খানা দক্ষিণদ্বারী ১ খানা পূর্ব্বদ্বারী ১ খানা ও উত্তরদ্বারী ১ খানা মায় কপাট চৌকাট নওয়া জিমা ইহাতে দেন্দারের অর্দ্ধেক অংশ ।০ কাঠা আঃ ১০৲

৬৬৮ মনি ডিঃ দীনবন্ধু দাস মহান্ত দেং ভবেশ কুনাই দাবি ১১০৮/৩ পং সুলতানউজিয়ান মৌজে সিদ্ধিকালী ২/২ কাত ৫॥১০ আঃ ১ কিতা ৪০৲ ১ কিতা ১০৲

৬৭৩ মনি ডিঃ চন্দ্রমুনি দাস্যা দেং বিরু দাস্যা দিং দাবি ৭৫৮৶৬ পং মঙ্গলপুর মৌজে মহেশাইল ১৮৩ বাস্তু কাত ৩৮১৬ তন্মধ্যে দেন্দারের একের আট অংশ /৪৮ কাঠা তদুপরিস্থিত খেড়ি ঘর ২ খানা মায় চাল ছাপ্পর বদরী বৃক্ষ ৩।০ পেড় বাঁশ ১ থোপ গস্তি আন্দাজ ২৫ নেজা বাবলা বৃক্ষ ১ পেড় ও ১ পেড় আম্র মধ্যে বিরু দাস্যার একের চার অংশ আঃ ২০৲ ২নং লাট পরগণাদি ঐ ৮২॥ কাত ॥৶১৫ তন্মধ্যে দেন্দারের অর্দ্ধেক অংশ ।৩৮ কাঠা বদরী বৃক্ষ সহ আঃ ১০৲

৬৭৫ মনি ডিঃ তারকেশ্বর মুখোপাধ্যায় দিং দেং লক্ষ্মী বেওয়া দিং দাবি ২১২॥/৬ পং ও মৌজে বহুতাল ৭/০ কাত ।০ আনা আঃ ১৫০৲

৭৪৪ মর্গেজ ডিঃ বামাচরণ দাস দেং রাখালচন্দ্র দাস দাবি ৭৬২৶৯ পং জোয়ার বিরাহিমপুর মৌজে হাদিনগর ৩৵০ এক জমা ও ২৵০ জমার জমি আঃ ৭৫৲

চৌকি জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৮ই ফেব্রুয়ারী ১৯২৮।

২৫৫ খাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং ঈশান ভুইমালী দাবি ২০৮৶০ পং কোঙরপ্রতাপ মৌজে জামুয়ার ১।০ কাত ১৮৵২॥ আঃ ১২৲

৩২১ খাং ডিঃ কালীচরণ সিংহ দেং মৃত্যুঞ্জয় চট্টোপাধ্যায় দিং দাবি ২৪/৯ পং মুরারীপুর মৌজে ঈশ্বরবাটী ৩।০ কাত ১৮০ আঃ ১৫৲

৩৫০ খাং ডিঃ সরোজ কৃষ্ণ ঘোষ মৌলিক দিং দেং আলেসান নেসা বিবি দাবি ৩৪/৯ মৌজে শীতলপাড়া ৬॥২ বিঘা জমি আঃ ২০৲

৩৭৯ খাং ডিঃ কুমার অরুণচন্দ্র সিংহ দিং দেং ক্ষীরোদ চন্দ্র সিংহ দিং দাবি ৩১৩৮৵৩ পং রাধাবল্লভপুর মৌজে পরানপাড়া নামক মহাল ২৪৫নং নিষ্কর হোল্ডিং হয়। জমা সালিয়ানা ১৩১৲ টাকায় দেন্দার দখলিকার দেন্দারের মৌরশী মোকররি স্বত্ব বিশিষ্ট মহাল। সেটেলমেন্টের ১৫৯৪নং খতিয়ানভুক্ত আঃ ৩০০৲

৩৮০ খাং ডিঃ দ্বিজেন্দ্রনারায়ণ রায় দেং বুনিয়াদ সেখ দাবি ২৯৮৬ পং গনকর মৌজে জোতফুল ৩/০ কাত ৬৶১০ আঃ ১০৲

৬১৪ খাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং মন্মথনাথ মিস্ত্রী দিং দাবি ২৬৶৬ পং গনকর মৌজে মাশুমাবাদ ৪॥০ কাত ২॥০ আঃ ১০৲

৬১৫ খাং ডিঃ ঐ দেং নগেন্দ্রবালা দাসী ওরফে নাকফুরী দাসী দিং দাবি ১৮।/৯ পং গনকর মৌজে আমগাছী ২।০ কাত ৩।৶১০ আঃ ১০৲

৬৪৯ খাং ডিং আশুতোষ চৌধুরী দেং আলিমহম্মদ সেখ দাবি ১২।৶০ পং একবরসাহী মৌজে সুরতপুর ১/০ কাত ১৲ আঃ ৫৲

৬৫০ খাং ডিঃ ঐ দেং আলিমহম্মদ সেখ দাবি ৩৯৮৵৩ পং একবরসাহী মৌজে সুরতপুর ৮।০ কাত ৫৮৪ আঃ ২৫৲

৬৫১ খাং ডিঃ ঐ দেং বিষ্ণু মণ্ডল দাবি ২৬।৯ পং একবরসাহী মৌজে নিস্তা ৬॥০ কাত ৩।৵০ আঃ ২০৲

—সুরবল্লী কষায়—

—সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

দৌর্ব্বল্য

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংসপেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যাপথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

চর্ম্মরোগ

খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

সুরবল্লী কষায়
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১॥০ টাকা
তিন শিশি ৩৮০ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

সি, কে, সেন এণ্ড কোং লিঃ,
২৯, কলুটোলা,
কলিকাতা।

সু-সংবাদ! সু-সংবাদ! সু-সংবাদ

আর ভাবিতেছেন কেন?

ঘরে বসিয়া কলিকাতার দরে মাল

অর্থ উপার্জ্জনের চমৎকার উপায় সামান্য পুঁজিতে লাভবান হইবার অদ্বিতীয় পন্থা, সখ মিটাইবার উপযুক্ত সময়।

মোটর কার, মোটর বাস, মোটর লরি।

ফোর্ড, চেভরলেট এবং ডজ ব্রাদার্সের

যে কোন প্রকারের গাড়ী, নগদ বা ধারে যেমন ইচ্ছা পাইতে পারিবেন। বিস্তারিত বিবরণের জন্য অদ্যই পত্র লিখুন বা স্বয়ং দেখা করুন।

মুখার্জ্জী ব্রাদার্স, মোটরকার এজেন্টস,
খাগড়া, (মুর্শিদাবাদ।)

দুঃখময় জীবন হয় কেন ?

পূর্ব্বে জানিতে পারিলে কাহাকেও দুঃখ ভোগ করিতে হয় না। শরীর অসুস্থ হইবার অগ্রে যদি স্বাস্থ্য অক্ষুণ্ণ রাখিবার নিয়মগুলি জানিয়া রাখা যায়, তবে কাহাকেও দুঃখ ভোগ করিতে হয় না। শরীরের প্রধান শক্তি শুক্র, উহার অপব্যবহার না করিলে শরীরও অসুস্থ হয় না, জীবনে দুঃখও পাইতে হয় না। শুক্র সতেজ থাকিলে কাজ কর্ম্ম করিতে ইচ্ছা জন্মে, কার্য্য করিবার ক্ষমতা থাকিলে জীবনে কাহারও কষ্ট সহ্য করিতে হয় না। জীবনে অশান্তি আনয়ন করিতে যদি ইচ্ছা না থাকে তবে "আতঙ্ক নিগ্রহ বটিকা" সেবন করুন। ইহা ব্যবহারে স্বপ্নদোষ, ধাতুদৌর্ব্বল্য, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অগ্নিমান্দ্য, শুক্রক্ষয়জনিত মাথাধরা, মাথাঘোরা, অকালিক ক্ষয়, শুক্রতারল্য, প্রস্রাব সম্বন্ধীয় যাবতীয় পীড়া নিবারণ হয়। এই বটিকা স্ত্রীলোকের যাবতীয় ব্যাধিও উপশম করিয়া থাকে। সেবনকালে বাঁধিবাঁধি কোন নিয়ম পালন করিতে হয় না। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান ঃ—

আতঙ্ক নিগ্রহ ফার্ম্মাসী।

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।

জঙ্গিপুর সংবাদ আফিস।

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

সুরমা

ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷০ এক টাকা পাঁচ আন।

সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা.

জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৌকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতায় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

বিনা অস্ত্রে আরোগ্য;

অপেরীণ।

ডাক্তার বি, এন, রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে নাকো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন করে লোক কি যন্ত্রণা ভোগে।
প্রথম অবস্থাতে যদি করেন ব্যবহার,
একেবারে বসে যাবে পাকবে নাকো আর।
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হবে না আর ছুরী দিয়ে কেটে।
দামও মোটে একটী টাকা মাশুল আট আনা,
ফতেপুর, গার্ডেনরীচ (কলিকাতা ঠিকানা)।
ডাক্তার বি, এন, রায় এই ঠিকানায় থাকে,
ঔষধ পাইতে হইলে পত্র লিখুন তাকে।

দামোদর সুধা।

ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন ও পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ। মূল্য ৷৶০ দশ আনা।

স্পিরিট ক্যাম্ফর

ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৶০ ছয় আনা একত্রে ৩ শিশি ১৲

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা

ইলেক্ট্রিক সালিউসন

মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তড়িৎ। [illegible] দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু [illegible] বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। [illegible]হাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমে[illegible] সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগ[illegible] বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধ[illegible] অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, [illegible]রদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলো[illegible]গের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, [illegible]ক-দিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী [illegible] যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ [illegible] নাই, এই ঔষধে [illegible]রা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক [illegible] মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। [illegible]একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷০ দেড় টাকা[illegible]

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবে[illegible]

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজ[illegible]।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত